



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৮.২০২০/১০৬ ৫৪৯

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রি.

বিষয় : এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদান।।

সূত্র : (১) স্মারক নং-মআম/বাঘা/রাজ/৬৪৯/২১ তারিখ : ১৭/০১/২০২১ খ্রি.

(২) স্মারক নং মআম/বাঘা/রাজ/৬৫০/২১ তারিখ : ২১/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়ের নিম্নোক্ত শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও ভুক্তির বিষয়ে সূত্রোক্ত স্মারক মোতাবেক জনাব মো: আ: মমিন, প্রদর্শক(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) ও জনাব মো: রফিকুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত চেয়ে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। আবেদনের সাথে দাখিলকৃত রেকর্ডপত্র অনুযায়ী দেখা যায়, মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়টি ২৩/১০/২০১৯ খ্রি. তারিখে উচ্চমাধ্যমিক পর্যায়ে এম.পি.ওভুক্ত হয়। জনাব মো: আ: মমিন গত ২১/১১/২০০৪ তারিখে প্রদর্শক(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) ও জনাব মো: রফিকুল ইসলাম গত ২৩/১১/২০০৪ তারিখে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে যোগদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ৩০/০৫/২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭ (অংশ-১).১৪৭ নং আদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত পদ হিসেবে প্রদর্শক(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ২০১৮-১৯ অর্থ বছরে এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে ২০১৯-২০ অর্থ বছর থেকে নিয়োগের আদেশ প্রদান করেন। এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ৩০/০৫/২০১৯ তারিখের আদেশের পূর্বে নিয়োগ প্রদান করায় এম.পি.ও ভুক্তির সুযোগ নাই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবহিত করা হলো।

অধ্যক্ষ
মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়
বাঘা, রাজশাহী।

১১/০৯/২০২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- (২) সংরক্ষণ নথি।